দৈনিক বাংলা

তারিখ 29 DEC 1986
পৃষ্ঠা 1 কলাম 3

৯৬০ 005

# নবম ও দশম শ্রেণীতে বৃত্তিমূলক শিক্ষা চালুর উদ্যোগ

॥ শওকত আনোয়ার ॥

দেশের এক হাজার মাধ্যমিক বিদ্যালয়ে নবম ও দশম শ্রেণীর ছাত্রছাত্রীর জন্য কর্মবৃত্তি শিক্ষা প্রবর্তনের এক প্রস্তাব নেয়া হয়েছে।

এসএসসি পরীক্ষায় তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ অথবা অনুত্তীর্ণ বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর জীবিকার স্বার্থে এই কর্মবৃত্তি শিক্ষা চালু করা হচ্ছে। এ খবর নির্ভরযোগ্য সূত্রের।

জানা গেছে, গত সপ্তাহে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## উদ্যোগ

(১-এর পৃঃ পর)

শিক্ষা মন্ত্রণালয়ে চারটি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের উপস্থিতিতে অনুষ্ঠিত এক সভায় এই প্রস্তাব প্রণয়ন করা হয়। পোশাক তৈরী ছুতোরগিরি, টাইপ নার্সিং গার্হস্থ্য অর্থনীতি অথবা বিদ্যুৎ ব্যবহার সম্পর্কিত যে কোন একটি বিষয়ে কর্মবৃত্তি শিক্ষা চালুর জন্য শিগগিরই স্কুল কর্তৃপক্ষের সম্মতি চেয়ে পাঠানো হবে। এর জন্য প্রয়োজনীয় অর্থ ও সরঞ্জাম শিক্ষা মন্ত্রণালয়ই যোগান দেবে।

নির্ভরযোগ্য সূত্র জানান, দেখা গেছে দীর্ঘদিন যাবত প্রতি বছর বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর এস-এসসি পরীক্ষায় তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ কিংবা অনুত্তীর্ণ হওয়ার পর উচ্চ শিক্ষার দুয়ার বন্ধ হয়ে যাচ্ছে। অথচ প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে প্রাপ্ত একটানা দশ বছরের শিক্ষা পরবর্তীকালে তাদের জীবিকা গ্রহণের জন্যেও কোন সহায়ক হচ্ছে না। ফলে সংশ্লিষ্ট ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের মধ্যে ব্যাপক হতাশা দেখা দেয়। সমাজেও এর বিরূপ প্রতিক্রিয়া পড়ে। এই বাস্তব অবস্থার প্রেক্ষাপটেই শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক বিদ্যালয়ে কর্মবৃত্তি শিক্ষা প্রবর্তনের প্রস্তাব গ্রহণ করেছে। প্রথম পর্যায়ে এর জন্য সারা দেশে সরকারী ও বেসরকারী এক হাজার মাধ্যমিক স্কুলকে নির্বাচন করা হবে।